

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
মনিটরিং ও রিপোর্টিং শাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

স্মারক নং- ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২. ১১৭

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩০  
৬৯ মে ২০২৩


অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী নিম্নবর্ণিত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হলো:

(০১)	যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) - আহ্বায়ক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
(০২)	উপসচিব (মনিটরিং ও রিপোর্টিং শাখা) - সদস্য-সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
(০৩)	উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা) - সদস্য
(০৪)	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (উপকরণ-২) - সদস্য
(০৫)	সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল - সদস্য

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ:**

- ক. কমিটি মন্ত্রণালয়ের সিটিজেনস্ চার্টারে উল্লিখিত কার্যক্রম/সেবাসমূহ/সংশ্লিষ্ট অধিশাখা/শাখা হতে প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক দাখিল করবেন;
- খ. কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি মনিটর করবেন;
- গ. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবে;
- ঘ. নিয়মিত সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম মনিটরিং করবে;
- ঙ. কমিটির আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভা আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের ব্যবস্থা গ্রহণ করবে;
- চ. প্রতি তিনমাসে একবার কমিটির সভা আয়োজন এবং কর্মপরিকল্পনার সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করবে;
- ছ. মন্ত্রিপরিষদ বিভাগে এবং মনিটরিং ও রিপোর্টিং শাখায় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে;;
- জ. অর্থবছর শেষে ১০ জুলাই তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্বমূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ মনিটরিং ও রিপোর্টিং শাখায় প্রেরণ করবে এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে ১৫ জুলাই তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;
- ঝ. অর্থবছর শেষে আওতাধীন অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত পূর্ববর্তী অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রমাণকসমূহ যাচাই করে চূড়ান্ত নম্বর প্রদান করা এবং এপিএ মূল্যায়নকারী কর্মকর্তার নিকট চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।
- ০৩। এতদ্বারা ২৪ জানুয়ারি ২০২৩ তারিখের ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২.২৮ সংখ্যক অফিস আদেশটি বাতিল করা হলো।

  
৩২.০৫.২৩  
(মোহাম্মদ তারিকুল ইসলাম)  
উপসচিব

টেলিফোন: ৫৫১০১১১২

ইমেইল: monito\_report@moa.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ  
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। কৃষি মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান

২। কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধানগণ

৩। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়

৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়

৬। সিনিয়র সহকারী সচিব, উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয়

৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (নোটিশটি সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাবন্ধে আপলোডপূর্বক স্ক্রিনশট মনিটরিং ও রিপোর্টিং শাখায় প্রেরণের অনুরোধসহ)।